

বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

ইতিহাস:

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীনস্থ ১৪টি দপ্তর ও সংস্থার মধ্যে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর অন্যতম গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান। বাংলাদেশের স্বাধীনতার পূর্বের তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন দুটি স্বতন্ত্র বিভাগ ‘চলচ্চিত্র বিভাগ’ ও ‘প্রকাশনা বিভাগ’কে একীভূত করে ১৯৭৬ সালের ২১ জুন ‘চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর’ গঠন করা হয়। পরবর্তীকালে ১৯৮৩ সালের ১ জুন তথ্য মন্ত্রণালয়ের অধীন ‘বাংলা অনুবাদ ও প্রকাশনা নিবন্ধন পরিদপ্তর’ এবং ‘বিজ্ঞাপন ও নিরীক্ষা সেল’ সংযুক্ত করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর পুনর্গঠন করা হয়। এর ইংরেজি নাম ‘Department of Films and Publications’। ইংরেজি নামের অদ্যাক্ষরের সমন্বয়ে এ অধিদপ্তর ডিএফপি (DFP) নামে সমধিক পরিচিত।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের লক্ষ্য ও উদ্দেশ্য:

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর সরকারের সার্বিক প্রচার উপকরণ উৎপাদনের প্রধান প্রতিষ্ঠান। দেশের ইতিহাস, ঐতিহ্য, শিল্প, সাহিত্য, সংস্কৃতি ইত্যাদি বিষয়ে প্রকাশনা ও সচিত্র তথ্য সংরক্ষণ এবং মননশীল জাতি গঠনের ভূমিকা পালন ও এই অধিদপ্তরের অন্যতম দায়িত্ব। চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর সরকারের উন্নয়ন কর্মসূচিভিত্তিক প্রকাশনা হিসাবে পুস্তক-পুস্তিকা, পোস্টার, লিফলেট, স্টিকার, ব্রশিয়র, ফোল্ডার ও চলচ্চিত্র নির্মাণ করা ছাড়াও দেশের ইতিহাস, ঐতিহ্য ও কৃষ্টিনির্ভর প্রকাশনা এবং চলচ্চিত্র নির্মাণ করে থাকে। তিনটি নিয়মিত পত্রিকা ছাড়াও বিশেষ প্রকাশনা হিসেবে দেশের ইতিহাস ও ঐতিহ্য বিষয়ে প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণ, প্রবন্ধ-নিবন্ধ ও পুস্তক প্রকাশ করা হয়ে থাকে। সামগ্রিকভাবে বলা যায়, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর নির্মিত চলচ্চিত্র ও বিবিধ প্রকাশনার মাধ্যমে সৃজনশীলতার সাথে সরকারের উন্নয়ন কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করা হয়।

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের কার্যাবলি:

- জনসচেতনতা ও উন্নয়নমূলক সৃজনশীল চলচ্চিত্র নির্মাণ ও বিতরণ করা
- দেশে প্রকাশিত সকল ধরনের বই, সংবাদপত্র ও সাময়িকীর নিবন্ধন ও তালিকা প্রকাশ করা;
- নিয়মিত প্রকাশনা হিসেবে ‘সচিত্র বাংলাদেশ’, কিশোর মাসিক পত্রিকা ‘নবারুণ’ ও ইংরেজি ত্রৈমাসিক পত্রিকা ‘বাংলাদেশ কোয়ার্টারলি’ প্রকাশ ও বিতরণ করা;
- বিশেষ ও অ্যাডহক প্রকাশনা হিসেবে জনসচেতনতা ও উন্নয়নমূলক কার্যক্রমভিত্তিক বুকলেট, পোস্টার, লিফলেট, ফোল্ডার, অ্যালবাম, স্টিকার, বিলবোর্ড ইত্যাদি প্রচার সামগ্রী প্রকাশ ও বিতরণ করা;
- সকল ধরনের পত্রিকার নামের ছাড়পত্র প্রদান, নিবন্ধন করা, প্রকাশিত পত্রিকা মিডিয়া তালিকাভুক্তকরণ এবং নিরীক্ষা সম্পাদন করা;
- সরকারি ফ্রোডপত্র প্রকাশ ও পত্রিকার বিজ্ঞাপন মূল্য নির্ধারণ করা;
- পত্রিকার প্রচার সংখ্যা নির্ধারণ করা;
- পত্রিকার নিউজপ্রিন্ট বন্টনের সুপারিশ ও কোটা নির্ধারণ করা;
- ওয়েববোর্ড রোয়েদাদ বাস্তবায়ন পরিবীক্ষণ করা;
- পত্রিকা অফিস পরিদর্শন করা;
- উন্নয়নমূলক গবেষণা কার্যক্রম সম্পাদন করা;

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো:

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকের পদটি বিসিএস (তথ্য সাধারণ) ক্যাডার সিডিউলের জাতীয় বেতন স্কেলের গ্রেড-২ ভুক্ত একটি পদ। মহাপরিচালকের অধীনে গ্রেড-৫ ভুক্ত তিনটি পরিচালক ও দুইটি সিনিয়র সম্পাদকের পদ রয়েছে। সিনিয়র সম্পাদকগণ নিয়মিত ও অ্যাডহক প্রকাশনার তত্ত্বাবধান করেন। পরিচালক (চলচ্চিত্র), পরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) এবং পরিচালক (প্রশাসন) তাদের অধীনস্থ কর্মকর্তাদের কার্যক্রম তত্ত্বাবধান করেন। অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের অনুমোদিত পদসংখ্যা নিম্নরূপ:

- মোট পদ-৩৫১টি
- মোট পদের ধরন-৯৮টি
- প্রথম শ্রেণির পদ-৪২টি
- বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারভুক্ত পদ-২৮টি
- দ্বিতীয় শ্রেণির পদ-২৮টি
- তৃতীয় শ্রেণির পদ-১৯৩টি
- চতুর্থ শ্রেণির পদ-৮৮টি

কার্যক্রম ও সেবা:

এ অধিদপ্তর পাঁচটি স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ বিভাগ বা ইউনিটের মাধ্যমে যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকে।

ক. চলচ্চিত্র শাখা:

চলচ্চিত্র শাখা ও নিয়মিতভাবে সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্র, প্রামাণ্যচিত্র, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ও টিভি ফিলার ইত্যাদি নির্মাণ করে থাকে। চলচ্চিত্র শাখার দায়িত্বসমূহ নিম্নরূপ:

- ❖ মহামান্য রাষ্ট্রপতি ও সরকার প্রধানের রাষ্ট্রীয় কর্মকান্ডের ইতিহাস সংরক্ষণের জন্য সংবাদচিত্র নির্মাণ করা;
- ❖ বিদেশী রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানগণের বাংলাদেশ সফর ও গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষ্যে ও বিশেষ সংবাদচিত্র নির্মাণ করা;
- ❖ দেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ইত্যাদির ওপর প্রামাণ্যচিত্র নির্মাণ;
- ❖ সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে প্রামাণ্যচিত্র নির্মাণ;
- ❖ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ইস্যুতে জনমত গঠন করার উদ্দেশ্যে প্রামাণ্যচিত্র ও ইস্যুভিত্তিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করা;
- ❖ সমাজের অবৈধ ও ক্ষতিকর দিক যেমন- মাদকাসক্তি, দুর্নীতি, চোরাকারবারী সম্পর্কে জনগণকে সচেতন করে তোলার জন্যে প্রামাণ্যচিত্র/ডকুড্রামা নির্মাণ;
- ❖ প্রামাণ্যচিত্রসমূহ দেশের প্রত্যন্ত অঞ্চলে প্রদর্শনের জন্যে গণযোগাযোগ অধিদপ্তরে সরবরাহ করা;
- ❖ নির্মিত প্রামাণ্যচিত্র সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহে প্রদর্শনের ব্যবস্থা করা;
- ❖ নির্মিত প্রামাণ্যচিত্র বিদেশে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রদর্শনের লক্ষ্যে তা পররাষ্ট্র মন্ত্রণালয়ে সরবরাহ করা। সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও স্বায়ত্তশাসিত দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী তাদের অর্থায়নে উন্নয়নমূলক প্রামাণ্যচিত্র নির্মাণ করা;
- ❖ বিদেশী সাংবাদিক ও মিডিয়াকে এদেশে চিত্রায়ন কাজে সরকারের নীতিমালা অনুসারে গাইড এবং সহযোগিতা প্রদান করা।

খ. প্রকাশনা শাখা:

প্রকাশনা শাখা দেশের ইতিহাস ও ঐতিহ্য ও সরকারের উন্নয়ন কর্মসূচি বিষয়ে নিয়মিত ও বিশেষ প্রকাশনার মাধ্যমে প্রবন্ধ-নিবন্ধ ও পুস্তক প্রকাশ করে থাকে। অধিদপ্তরের তিনটি নিয়মিত পত্রিকা ও বেশ কিছু অ্যাডহক প্রকাশনা রয়েছে।

সচিত্র বাংলাদেশ:

সচিত্র বাংলাদেশ একটি পাক্ষিক সচিত্র সাময়িকী। ১৯৪৯ সালে ‘মাহে নও’ দিয়ে এর যাত্রা শুরু। সরকারের উন্নয়ন কর্মকান্ডের প্রামাণিক দলিল হিসেবে সচিত্র বাংলাদেশ তৃণমূল পর্যায়ে বিতরণ করা হয়। এছাড়া জাতীয় সাহিত্য, সংস্কৃতি ও কৃষ্টির লালন করা এর অন্যতম উদ্দেশ্য।

নবাবুণ:

মাসিক পত্রিকা নবাবুণ দেশের শিশু-কিশোরদের মেধা বিকাশের অন্যতম পথিকৃৎ। জনপ্রিয় এই সাময়িকীটি ১৯৭০ সাল থেকে অব্যাহত প্রকাশনার মাধ্যমে শিশু-কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশের মাধ্যমে এক দক্ষ ও মেধাবী জাতি গঠনে সহায়ক ভূমিকা পালন করেছে। ২০২০ সালে পত্রিকাটি প্রকাশনার ৫০ বছর অতিক্রম করেছে। নিয়মিত প্রকাশনার ইতিহাসে এটি একটি বিরল সাফল্য।

বাংলাদেশ কোয়ার্টারলি:

বাংলাদেশ কোয়ার্টারলি একটি ত্রৈমাসিক ইংরেজি প্রকাশনা। দেশের ইতিহাস, ঐতিহ্য, সাংস্কৃতিক বিষয় এবং কৃষ্টি ও চলমান উন্নয়ন কর্মকান্ডসহ বিভিন্ন প্রবন্ধ-নিবন্ধ প্রকাশ করে থাকে। বাংলাদেশ কোয়ার্টারলি দেশের বিভিন্ন প্রতিষ্ঠান ছাড়াও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে বিতরণ করা হয়ে থাকে।

অ্যাডহক প্রকাশনা:

নিয়মিত প্রকাশনা ছাড়াও অ্যাডহক বা বিশেষ প্রকাশনার আওতায় সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, দেশের কৃষ্টি, সংস্কৃতি, গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষ্যে পোস্টার, পুস্তক-পুস্তিকা, ফোল্ডার, স্টিকার, প্রচারপত্র ইত্যাদি প্রকাশ ও বিতরণ করা হয়ে থাকে।

চারুকলা ও নকশা অনুশাখা:

অধিদপ্তরের প্রকাশনার শিল্পমান নিয়ন্ত্রণের ক্ষেত্রে চারুকলা ও নকশা শাখার ভূমিকা উল্লেখযোগ্য। প্রকাশনা শাখার তত্ত্বাবধানে চারুকলা ও নকশা শাখা সকল ধরনের প্রকাশনা ও ফ্রোডপত্রের এ সংক্রান্ত যাবতীয় কাজ সম্পাদন করে থাকে।

- ❖ এ অধিদপ্তরের প্রকাশিত তিনটি নিয়মিত প্রকাশনা যেমন: সচিত্র বাংলাদেশ, নবাবুণ ও বাংলাদেশ কোয়ার্টারলি পত্রিকার প্রচ্ছদ-ডিজাইন এবং অঙ্গসজ্জার মাধ্যমে প্রকাশনাসমূহকে নান্দনিক করা এর অন্যতম দায়িত্ব।
- ❖ জাতীয় দিবসসহ বিভিন্ন উপলক্ষ্যে গণসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রকাশিত নানা বিষয়ের পোস্টার ডিজাইন এবং এগুলোর শিল্পমান নিয়ন্ত্রণ করা।
- ❖ অ্যাডহক প্রকাশনার ডিজাইন করা এবং এগুলোর শিল্পমান নিয়ন্ত্রণ করা।
- ❖ এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের প্রকাশনার অঙ্গসজ্জার সহায়তা প্রদান করা।

গ. বিজ্ঞাপন ও নিরীক্ষা অনুশাখা:

বিজ্ঞাপন ও নিরীক্ষা শাখা ২টি অনুশাখার মাধ্যমে কাজ সম্পাদন করে থাকে।

গ).১. বিজ্ঞাপন অনুশাখা:

- ❖ সরকারের বিজ্ঞাপন নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা।
- ❖ মাসিক, ত্রৈমাসিক এবং অর্ধবার্ষিকী ও বার্ষিক বিবরণী তৈরি করা।
- ❖ সংবাদপত্র ও সাময়িকী মিডিয়া তালিকাভুক্তি করা।
- ❖ সংবাদপত্রসমূহে ওয়েজবোর্ড রোয়েদাদ বাস্তবায়ন নিয়মিত মনিটরিং করা।

গ).২. নিরীক্ষা অনুশাখা:

- ❖ নিরীক্ষাপূর্বক পত্র-পত্রিকার প্রচার সংখ্যা নির্ধারণ।
- ❖ প্রচার সংখ্যার ভিত্তিতে সংশ্লিষ্ট পত্রিকার বিজ্ঞাপন হার ও মাসিক নিউজপ্ৰিন্টের কোটা নির্ধারণ।
- ❖ প্রয়োজনীয় শর্তাদি প্রতিপালনে ব্যর্থ সংবাদপত্র/সাময়িকীর মিডিয়া তালিকাভুক্তি বাতিল।

ঘ) নিবন্ধন শাখা:

- ❖ দেশের সকল নিয়মিত সাময়িকী ও পুস্তকের নিবন্ধন করা।
- ❖ সংবাদপত্র ও সাময়িকীর নামের ছাড়পত্র প্রদান।
- ❖ নিবন্ধিত পুস্তক ও পত্রিকার গ্রন্থপঞ্জি তৈরি করা।
- ❖ ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধিকরণ) আইন-১৯৭৩ এর প্রদত্ত ক্ষমতাবলে প্রকাশিত সকল সংবাদপত্র ও পুস্তকসমূহের পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করে থাকে।
- ❖ পত্রিকাসমূহের নিয়মিত প্রকাশ সংক্রান্ত প্রত্যয়নপত্র জারি করে থাকে।

ঙ. প্রশাসন শাখা:

প্রশাসন শাখা সকল ফাংশনাল শাখার কাজের সমন্বয় সাধন এবং পরিপূরকরূপে কাজ করে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে।
দক্ষ জনবল গড়ে তোলা।

- ❖ তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি, টাইমস্কেলসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি ব্যবস্থাপনা করা।
- ❖ কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- ❖ কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণ ও পরিবহন ব্যবস্থা।
- ❖ মাসিক প্রতিবেদন, কর ব্যতীত রাজস্ব প্রতিবেদন, নিরীক্ষা প্রতিবেদন, সমন্বয় সভাসহ বিবিধ প্রতিবেদন তৈরি করা।
- ❖ এ ছাড়া অন্যান্য শাখার কার্যাবলি সমন্বয় ও সার্বিক তত্ত্বাবধান করা প্রশাসন শাখার অন্যতম দায়িত্ব।

২০২০-২০২১ অর্থবছরের বাজেট বরাদ্দ ও ব্যয় বিবরণী:

(অংকসমূহ হাজার টাকায়)			
অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট বরাদ্দ ২০২০-২০২১	প্রকৃত ব্যয়
৩১১১	নগদ মজুরী ও বেতন:		
৩১১১১০১	মূল বেতন (অফিসার)	৩,৩১,৩৫	২,৪৮,৩৭
৩১১১২০১	মূল বেতন (কর্মচারী)	৩,২০,৫২	৩,১৩,০৬
৩১১১৩০১	দায়িত্ব ভাতা	১,৯০	৬৯
৩১১১৩০২	যাতায়াত ভাতা	৫,৭০	৫,০৩
৩১১১৩০৪	মর্হাঘ ভাতা	০	০
৩১১১৩০৬	শিক্ষা ভাতা	১২,৫০	১০,৮৭
৩১১১৩০৮	ঝুঁকি ভাতা	১,০০	৯০
৩১১১৩১০	বাড়ি ভাড়া ভাতা	২,২৭,০০	২,০৯,০০
৩১১১৩১১	চিকিৎসা ভাতা	৪০,০০	৩৫,১৭
৩১১১৩১২	মোবাইল ভাতা	১,২০	৬৬
৩১১১৩১৩	আবাসিক টেলিফোন বিল নগদায়ন ভাতা	১,০০	৩২

(অংকসমূহ হাজার টাকায়)			
অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট বরাদ্দ ২০২০-২০২১	প্রকৃত ব্যয়
৩১১১৩১৪	টিফিন ভাতা	৪,০০	৩,৩৬
৩১১১৩১৬	খোলাই ভাতা	১,০০	৩০
৩১১১৩২৫	উৎসব ভাতা	১,১০,০০	৮৩,০৩
৩১১১৩২৭	অধিকাল ভাতা	৮,০০	৭,৮৮
৩১১১৩২৮	শ্রান্তি বিনোদন ভাতা	১৩,০০	৯,১৫
৩১১১৩৩১	আপ্যায়ন ভাতা	২০	১২
*৩১১১৩৩২	সম্মানী ভাতা	৬,০০	৪,১১
৩১১১৩৩৪	অন্যান্য ভাতা	০	০
৩১১১৩৩৫	বাংলা নববর্ষ ভাতা	১২,০০	৭,৯৭
উপমোট (নগদ মজুরী ও বেতন)		১০,৯৬,৩৭	৯,৩৯,৯৯
উপমোট (কর্মচারীদের প্রতিদান)		১০,৯৬,৩৭	৯,৩৯,৯৯
৩২১১	প্রশাসনিক ব্যয়		
৩২১১১০১	পুরস্কার	৪,০০	১,০০
৩২১১১০২	পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী	৩,৩০	৩,২৯
৩২১১১০৫	প্রতিনিধি ব্যয়	০	০
৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়	৪,০০	৩,৯১
*৩২১১১০৭	যানবহন ব্যবহার (চুক্তিভিত্তিক)		
৩২১১১০৯	সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত)	১,৫২,২৫	১,৫১,১৫

(অংকসমূহ হাজার টাকায়)			
অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট বরাদ্দ ২০২০-২০২১	প্রকৃত ব্যয়
৩২১১১১০	আইন সংক্রান্ত ব্যয়	১,২৫	১,২৫
৩২১১১১১	সেমিনার/কনফারেন্স ব্যয়	১,২৫	১,১৮
*৩২১১১১৩	বিদ্যুৎ	৪৫,০০	৪১,৩১
৩২১১১১৫	পানি	৩৭,০০	৩৫,১৯
৩২১১১১৭	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	১০,৪৫	১০,৪৩
৩২১১১১৯	ডাক	১,২৫	১,২৫
*৩২১১১২০	টেলিফোন	৫,০০	২,১২
*৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	২৩,০৪,৮২	২৩,০৪,৪৩
*৩২১১১২৬	অডিও ভিডিও/চলচ্চিত্র নির্মাণ	৮৯,৪০	৮৬,২১
৩২১১১৩০	যাতায়াত ব্যয়	২,০০	২,০০
উপমোট (প্রশাসনিক ব্যয়)		২৬,৬০,৯২	২৬,৬০,৯২
৩২২১	ফি, চার্জ, কমিশন ব্যয়		৯০
৩২২১১০৬	পরিবহন ব্যয়	১,০১	৯০
	উপমোট (ফি, চার্জ, কমিশন ব্যয়)	১,০১	
৩২৩১	প্রশিক্ষণ		
৩২৩১৩০১	প্রশিক্ষণ ব্যয়	২৫,০০	১৬,৯২
উপমোট (প্রশিক্ষণ)		২৫,০০	১৬,৯২
৩২৪৩	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট		
৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট	১৫,০০	১৩,৯২
৩২৪৩১০২	গ্যাস	৫০	১৬
উপমোট (পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট)		১৫,৫০	১৫,৫০

			(অংকসমূহ হাজার টাকায়)
অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট বরাদ্দ ২০২০-২০২১	প্রকৃত ব্যয়
৩২৪৪	ভ্রমণ ও বদলি		
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	১৫,০০	১৪,৮০
উপমোট (ভ্রমণ ও বদলি)		১৫,০০	১৪,৮০
৩২৫৩	জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ		
৩২৫৩১০৩	নিরাপত্তা সেবা (ভাড়ার বিপরীতে)	৩২,৫৪	৩০,৭৮
উপমোট (জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ)		৩২,৫৪	৩০,৭৮
৩২৫৫	মুদ্রণ ও মনিহারি		
*৩২৫৫১০২	মুদ্রণ ও বঁধাই	২,৬০,৪৬	২,৬০,৪৪
৩২৫৫১০৪	স্ট্যাম্প ও সীল	১,২০	১,২০
৩২৫৫১০৫	অন্যান্য ও মনিহারি	৩,৮০	৩,২৩
উপমোট (মুদ্রণ ও মনিহারি)		২,৬৫,৪৬	২,৬৪,৮৭
৩২৫৬	সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী		
৩২৫৬১০৩	ব্যবহার্য দ্রব্যাদি	২৫,০০	২৪,৮৮
৩২৫৬১০৫	কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ	৪,৭৫	৪,৩৬
৩২৫৬১০৬	পোশাক	৫,২৫	৪,২৪
উপমোট (সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী)		৩৫,০০	৩৩,৪৮
৩২৫৭	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়		
৩২৫৭১০৩	গবেষণা	৫০	৪৭
৩২৫৭২০৬	সম্মানী/পারিতোষিক (সরকারি কর্মচারী ব্যতীত)	২২,০০	২১,৯০
৩২৫৭৩০১	অনুষ্ঠান/উৎসবাদি	১১,০০	১০,৯৭
উপমোট (পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়)		৩৩,৫০	৩৩,৩৪

(অংকসমূহ হাজার টাকায়)			
অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট বরাদ্দ ২০২০-২০২১	প্রকৃত ব্যয়
৩২৫৮	মেরামত ও সংরক্ষণ		
৩২৫৮১০১	মোটরযান	৫,০০	৪,৫৬
৩২৫৮১০২	আসবাবপত্র	১,২০	১,২০
৩২৫৮১০৩	কম্পিউটার	১,২০	১,১২
৩২৫৮১০৫	অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	২,৩০	২,২৯
	উপমোট (মেরামত ও সংরক্ষণ)	৯,৭০	৯,১৭
	উপমোট (পণ্য ও সেবার ব্যবহার)	৩০,৯৩,৬৩	৩০,৬৩,০১
৩৮২১	আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়		
৩৮২১১১০৩	পৌর কর	২৫,০০	২৫,০০
	উপমোট (আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয়)	২৫,০০	২৫,০০
	উপমোট (আবর্তক ব্যয়)	৪২,১৫,০০	৪০,২৮,০০
৪১১২	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি		
৪১১২১০১	মোটরযান	০	০
*৪১১২২০২	কম্পিউটার এবং আনুষঙ্গিক	৩০,০০	২৯,০৭
৪১১২৩০২	ক্যামেরা এবং আনুষঙ্গিক	২,৫০	২,২৪
৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জামাদি	১,৫০	১,৪২
৪১১২৩০৫	অগ্নিনির্বাপক সরঞ্জামাদি	১,০০	৮৪
*৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	১৯,০০	১৮,৭৯
৪১১২৩১৪	আববাপত্র	১৫,৪০	১৫,১৬
*৪১১২৩১৬	অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	০	০
	উপমোট (যন্ত্রপাতি ও সরঞ্জামাদি)	৬৯,৪০	৬৭,৫২
	মোট (চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর)	৪২,৮৪,৪০	৪০,৯৫,৫২

২০২০-২০২১ অর্থবছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও রাজস্ব আয়ের বিবরণী:

					(অংকসমূহ হাজার টাকায়)	
মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/পরিদপ্তর এর প্রাতিষ্ঠানিক কোড	পরিচালন কোড	অর্থনৈতিক কোড	কর ব্যতীত রাজস্ব আয়ের উৎসের বিবরণ/আইটেম	২০২০-২০২১ অর্থবছরের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা	২০২০-২০২১ অর্থবছরের রাজস্ব আয়	
১৩৩	১৩৩০৪০১	১৪২১৩০২	ভাড়া-আবাসিক	৪০	০	
		১৪২২৩২৬	পরীক্ষা ফি	০	০	
		১৪২২৩২৮	দরপত্র দলিল ফি	২০	৮	
		১৪২২৪০৫	২% সার্ভিস চার্জ	৭০,০০	৩৭,৭১	
		১৪২৩২০৪	সরকারী যানবাহন ব্যবহার ফি	৩০	০	
		১৪২৩২১৭	বই পত্র ও প্রকাশনা বিক্রয়	৫,০০	৯৭	
		১৪৪১২০২	পূর্ববর্তী অর্থ বছরের অতিরিক্ত পূহিত অর্থ ফেরত	০	০	
		১৪৪১২৯৯	অন্যান্য আদায়	১,০০	১০	
সর্বমোট:				৭৬,৯০	৩৮,৮৬	

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২০- ২০২১	অর্জন ২০২১-২০২২	উপাসূত্র (Source of Data)
			২০১৮-২০১৯	২০১৯-২০২০*			
১	২	৩	৪	৫	৬	৭	১০
চলচ্চিত্র নির্মাণ ও প্রকাশনার মাধ্যমে ইতিবাচক জনসচেতনতা সৃষ্টি	১। চলচ্চিত্র নির্মাণ	সংখ্যা	৫০	৬০	৬৮	৬৮	চলচ্চিত্র শাখা
	২। নিয়মিত প্রকাশনা:	লক্ষ	১.০	১.২০	১.২০	১.২০	প্রকাশনা শাখা
	ক) সচিত্র বাংলাদেশ						
	খ) নবাবুণ	লক্ষ	১.২০	১.৩৫	১.৩৫	১.৩৫	
	গ) বাংলাদেশ কোয়ার্টারলি	হাজার	১২	১২	১২	১২	
	৩। অ্যাডহক প্রকাশনা:	হাজার	১২	২৫	১৫	১৫	
	ক) পুস্তক						
	খ) মুজিববর্ষ সংখ্যা	হাজার	-	২.৫	২০	২০	
গ) পোস্টার	লক্ষ	১৫.৫০	২৫	২৫	২৫		
প্রিন্ট মিডিয়া সংক্রান্ত কার্যক্রম	৪। সংবাদপত্র নিরীক্ষা	সংখ্যা	৪৬০	৪৮০	৫০০	৬২০	বিজ্ঞাপন ও নিরীক্ষা শাখা
	৫। ক্রোড়পত্র	সংখ্যা	১৩০০	১৩০০	১৩০০	১৬৮০	
	৬। সংবাদপত্র পরিদর্শন	সংখ্যা	১৫০	২০০	২০০	৩৫৫	

সেকশন-৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান Weight of Performance Indicators	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria value for FY 2020-2021)					অর্জন ২০২০ - ২০২১
						ভিত্তিবছর (Base year) ২০১৮- ২০১৯	অর্জন (Achievement) ২০১৯- ২০২০*	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
প্রকাশনার মাধ্যমে ইতিবাচক জনসচেতনতা সৃষ্টি	২৫	১. নিয়মিত প্রকাশনা	ক) সচিত্র বাংলাদেশ	লক্ষ	৫.০০	১.০০	১.২০	১.২০	১.১৫	১.১০	১.০৫	০.০০	১.২০
			খ) নবাবুণ	লক্ষ	৫.০০	১.২০	১.৩৫	১.৩৫	১.৩০	১.২৫	১.২০	০.০০	১.৩৫
			গ) বাংলাদেশ কোয়ার্টারলি	হাজার	২.০০	১২	১২	১২	১১	১০	৮	৭	১২
		২. অ্যাডহক প্রকাশনা	ক) পুস্তক	হাজার	৩.০০	১২	২৫	১৫	১২	১০	৮	৬	১৫
			খ) পোস্টার	লক্ষ	৫.০০	১৫.৫০	১৫.৫০	২৫.০০	২২	২০	১৮	১৬	২৫
			গ) মুজিব বর্ষ সংখ্যা	হাজার	৫.০০	-	২.৫০	২০	১৮	১৬	১৫	১৪	২০
প্রিন্ট মিডিয়া সংক্রান্ত কার্যক্রম	১৫	৩. ক্রোড়পত্র প্রকাশ, সংবাদপত্র নিরীক্ষা ও পরিদর্শন	ক) ক্রোড়পত্র	সংখ্যা	৫.০০	১৩০০	১৩০০	১৩০০	১২০০	১১০০	১০০০	৯০০	১৬৮ ০
			খ) সংবাদপত্র নিরীক্ষা	সংখ্যা	৫.০০	৪৬০	৪৮০	৫০০	৪৮০	৪৬০	৪৪০	৪২০	৬২০
			গ) সংবাদপত্র পরিদর্শন	সংখ্যা	৫.০০	১৫০	২০০	২০০	১৮০	১৬০	১৪০	১২০	৩৫৫

কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান Weight of Performance Indicators	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria value for FY 2020-2021)					অর্জন ২০২০-২০২১
						ভিত্তিবছর (Base year) ২০১৮- ২০১৯	অর্জন (Achievement) ২০১৯- ২০২০*	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
চলচ্চিত্রের মাধ্যমে ইতিবাচক জনসচেতনতা সৃষ্টি	৩৫	৪. চলচ্চিত্র নির্মাণ	ক) প্রামাণ্যচিত্র	সংখ্যা	১২.০০	১০	১২	১৪	১২	১০	৮	৭	১৫
			খ) ডকুড্রামা	সংখ্যা	৪.০০	৩	৪	৫	৪	৩	৩	০	৫
			গ) ফিলার	সংখ্যা	৫.০০	১৫	১০	১৫	১২	১০	৮	৬	১৫
			ঘ) সংবাদচিত্র	সংখ্যা	৫.০০	১৪	২৪	২৪	২২	১৯	১৭	১৪	২৪
			ঙ) বিশেষ সংবাদচিত্র	সংখ্যা	৫.০০	৮	১০	১০	৯	৮	৭	৬	১২
প্রামাণ্যচিত্র, ডকুড্রামা, ফিলার, সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র নির্মাণ, সংগ্রহ ও সংরক্ষণ	৫. সংগ্রহ ও সংরক্ষণ	সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত	সংখ্যা	২.০০	৬০	৬০	৬৮	৬০	৫৫	৫০	৪৫	৩১৭	
সিনেমাটোগ্রাফ এ্যাক্ট ও সেন্সরশিপ বিষয়ক কার্যক্রম সম্পাদন	৬. সেন্সরশিপ কার্যক্রম	তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র প্রিভিউ সম্পাদন	সংখ্যা	২.০০	৬০	৬০	৩৪	৩০	২৫	২২	২০	৩৪	

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কলাম-৫ কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যমাত্রা ২০২০-২০২১					অর্জন ২০২০-২০২১
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)	
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%	
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সংখ্যা	১	৪	-	-	-	-	৪
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত	সংখ্যা	২	১২	১১	-	-	-	১২
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-	৪
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	১	৪	৩	২	-	-	৩
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-	৩
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	২	৪	৩	-	-	-	৪

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬					অর্জন ২০২০- ২০২১
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		লক্ষ্যমাত্রা ২০২০-২০২১					
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)	
১০০%	৯০%	৮০%	৭০%	৬০%							
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	-	-	৫৫
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	সংখ্যা	২	১৫-২-২১	১৫-৩-২১	১৫-৪-২১	১৫-৫-২১		০৮.০২.২১
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	সংখ্যা	১	২৫-২-২১	২৫-৩-২১	২৫-৪-২১	২৫-৫-২১		১১.০২.২১
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত	জনঘণ্টা	২	৫০	৪০	৩০	২০	-	৬০.৭৫
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘণ্টা	১	৫	৪	-	-	-	৯.৮১
		[২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান	[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-	৩
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	%	১	১০০	৯০	৮০	-	-	২০০
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত	%	২	১০০	৯০	৮০	-	-	১০০
			[৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত	%	১	১০০	৯০	৮০	-	-	৮০
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি	%	১	৮০	৭০	৬০	৫০	-	১৮
			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪০	৩০	২৫	-	১০.০৯.২০

প্রকাশনা সংক্রান্ত প্রতিবেদন:

দেশের ইতিহাস, ঐতিহ্য, শিল্প, সাহিত্য, সংস্কৃতি ইত্যাদি বিষয়ে নিয়মিত প্রকাশনার আওতায় সচিত্র বাংলাদেশ, নবাবুণ ও বাংলাদেশ কোয়ার্টারলি শিরোনামে তিনটি নিয়মিত পত্রিকা প্রকাশ করে আসছে।

সচিত্র বাংলাদেশ একটি পাক্ষিক সচিত্র সাময়িকী। ১৯৪৯ সালে 'মাহে নও' দিয়ে এর যাত্রা শুরু। সরকারের উন্নয়ন কর্মকান্ডের প্রামাণিক দলিল হিসেবে সচিত্র বাংলাদেশ তৃণমূল পর্যায়ে বিতরণ করা হয়। এছাড়া জাতীয় সাহিত্য, সংস্কৃতি ও কৃষ্টির লালন করা এর অন্যতম উদ্দেশ্য।

মাসিক পত্রিকা নবাবুণ দেশের শিশু-কিশোরদের মেধা বিকাশের অন্যতম পথিকৃৎ। জনপ্রিয় এই সাময়িকীটি ১৯৭০ সাল থেকে অব্যাহত প্রকাশনার মাধ্যমে শিশু-কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশের মাধ্যমে এক দক্ষ ও মেধাবী জাতি গঠনে সহায়ক ভূমিকা পালন করেছে। ২০২০ সালে পত্রিকাটি প্রকাশনার ৫০ বছর অতিক্রম করেছে। নিয়মিত প্রকাশনার ইতিহাসে এটি একটি বিরল সাফল্য।

বাংলাদেশ কোয়ার্টারলি একটি ত্রৈমাসিক ইংরেজি প্রকাশনা। দেশের ইতিহাস, ঐতিহ্য, সাংস্কৃতিক বিষয় এবং কৃষ্টি ও চলমান উন্নয়ন কর্মকান্ডসহ বিভিন্ন প্রবন্ধ-নিবন্ধ প্রকাশ করে থাকে। বাংলাদেশ কোয়ার্টারলি দেশের বিভিন্ন প্রতিষ্ঠান ছাড়াও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে বিতরণ করা হয়ে থাকে।

নিয়মিত প্রকাশনা ছাড়াও অ্যাডহক বা বিশেষ প্রকাশনার আওতায় সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, দেশের কৃষ্টি, সংস্কৃতি, গুরুত্বপূর্ণ জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষ্যে পোস্টার, পুস্তক-পুস্তিকা, ফোল্ডার, স্টিকার, প্রচারপত্র ইত্যাদি প্রকাশ ও বিতরণ করা হয়ে থাকে।

২০২০-২০২১ অর্থবছরে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নিয়মিত ও অ্যাডহক প্রকাশনাসমূহের তালিকা।

(ক) নিয়মিত প্রকাশনা:

ক্র. নং	প্রকাশনার নাম	প্রকাশিত সংখ্যা
০১	সচিত্র বাংলাদেশ (১২ সংখ্যা)	১ লক্ষ ২০ হাজার কপি
০২	নবাবুণ (১২ সংখ্যা)	১ লক্ষ ৩৫ হাজার কপি
০৩	বাংলাদেশ কোয়ার্টারলি (০৪ সংখ্যা)	১২ হাজার কপি
০৪	নবাবুণ বিশেষ সংখ্যা (জন্মশতবার্ষিকী সংখ্যা)	০৮ হাজার কপি
০৫	সচিত্র বাংলাদেশ বিশেষ সংখ্যা (জন্মশতবার্ষিকী সংখ্যা)	০৭ হাজার কপি

(খ) অ্যাডহক প্রকাশনা:

পুস্তক/পুস্তিকা:

ক্র. নং	প্রকাশনার নাম	প্রকাশিত সংখ্যা
০১	বঙ্গবন্ধুর বাণী (পকেট পুস্তিকা)	১০ হাজার কপি
০২	বাংলাদেশ পর্যটন আকর্ষণ: ময়মনসিংহ বিভাগ	০৩ হাজার কপি
০৩	বঙ্গকণ্ঠ	০২ হাজার কপি
০৪	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ	০১ হাজার কপি
০৫	সংবাদপত্র শিরোনামে বঙ্গবন্ধু	০১ হাজার কপি
০৬	বাংলাদেশ পর্যটন আকর্ষণ: ঢাকা বিভাগ	০৩ হাজার কপি
০৭	বঙ্গবন্ধুর শত ভাষণ শীর্ষক পুস্তক মুদ্রণ	০১ হাজার কপি

পোস্টার/লিফলেট/স্টিকার:

ক্র. নং	প্রকাশনার নাম	প্রকাশিত সংখ্যা
০১	০৮ ই আগস্ট ২০২০ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্মদিবস উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৩ লক্ষ কপি
০২	০৮ ই আগস্ট ২০২০ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯০তম জন্মদিবস উপলক্ষে ইংরেজি ভাষায় পোস্টার মুদ্রণ	০১ হাজার কপি
০৩	১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৮ লক্ষ কপি
০৪	১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ইংরেজি ভাষায় পোস্টার মুদ্রণ	০২ হাজার কপি
০৫	১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২০ উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৪ লক্ষ কপি
০৬	১৬ ই ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২০ উপলক্ষে ইংরেজি ভাষায় পোস্টার মুদ্রণ	০২ হাজার কপি
০৭	মাননীয় প্রধানমন্ত্রী নতুন পোস্টার মুদ্রণ	০১ লক্ষ কপি
০৮	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নতুন পোস্টার মুদ্রণ	০১ লক্ষ কপি
০৯	কোভিড-১৯ এর সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'নো মাস্ক নো সার্ভিস' শীর্ষক প্রচারণামূলক স্টিকার মুদ্রণ	০১ লক্ষ ৫০ হাজার কপি
১০	কোভিড-১৯ এর 'টিকা নিন নিজেসে সুরক্ষা করুন' শীর্ষক প্রচারণামূলক লিফলেট মুদ্রণ	০১ লক্ষ ৫০ হাজার কপি
১১	১০ ই জানুয়ারি ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৩ লক্ষ কপি
১২	২১ শে ফেব্রুয়ারি ২০২১ শহিদ দিবস ও আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উপলক্ষে বাংলা ভাষায় সার্বজনীন পোস্টার মুদ্রণ	৩ লক্ষ ৫০ হাজার কপি
১৩	২১ শে ফেব্রুয়ারি ২০২১ শহিদ দিবস ও আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস উপলক্ষে স্কুল-কলেজের শিশু-কিশোরদের জন্য বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০১ লক্ষ কপি
১৪	৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রমাণ্য ঐতিহ্যের স্বীকৃতি উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৫ লক্ষ কপি
১৫	১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০২১ উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৩ লক্ষ কপি
১৬	২৬ শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে বাংলা ভাষায় পোস্টার মুদ্রণ	০৩ লক্ষ কপি
১৭	মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর অর্জন 'স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশে উত্তরণ' শীর্ষক বাংলা ভাষায় চার ক্যাটাগরির পোস্টার মুদ্রণ	৯ লক্ষ ৩০ হাজার কপি
১৮	মুজিববর্ষ লোগো, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী লোগো ও ডিএফপি লোগো সমৃদ্ধ টিস্যু পেপারের ব্যাগ তৈরি	১০ হাজার কপি

চলচ্চিত্র নির্মাণ সংক্রান্ত প্রতিবেদন:

দেশের ইতিহাস, ঐতিহ্য ও কৃষ্টিভিত্তিক সৃজনশীল চলচ্চিত্র নির্মাণ করে এ অধিদপ্তর বিভিন্ন সময় জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার অর্জন করেছে। ইতিহাস ও ঐতিহ্যভিত্তিক ডকুড্রামা কাঞ্জাল হরিনাথ, মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্র একাত্তরের গণহত্যা ও বধ্যভূমিও অটিজম বিষয়ে জনসচেতনতামূলক চলচ্চিত্র পূত্র-এর জন্য যথাক্রমে ২০১১, ২০১৫ ও ২০১৮ সালে জাতীয় চলচ্চিত্র পুরস্কার এবং ভাষা আন্দোলনভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র হৃদয়ে একুশ-এর জন্য ১৯৮৫ ও ১৯৮৬ সালে যথাক্রমে মস্কো ও কানাডা ফিল্ম অ্যাওয়ার্ড অর্জন এর মধ্যে উল্লেখযোগ্য।

নিজস্ব কর্মপরিকল্পনা ছাড়াও সরকারি অন্যান্য প্রতিষ্ঠানের চাহিদার পরিপ্রেক্ষিতে অন্যান্য সংস্থার জন্য চলচ্চিত্র নির্মাণ, বাংলাদেশে বিদেশি চলচ্চিত্র নির্মাতা দলের সফর সমন্বয় করা, দেশে ও বিদেশে প্রদর্শনীর জন্য চলচ্চিত্র সরবরাহ করার দায়িত্ব পালন করছে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

এ অধিদপ্তরের চলচ্চিত্র শাখার ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার আওতায় প্রামাণ্যচিত্র-১৫টি, ডকুডামা-০৫টি, টিভি ফিলার-০৯টি, সংবাদচিত্র ২৪ টি ও বিশেষ সংবাদচিত্র ১০ টি নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

ক) প্রামাণ্যচিত্র- ১৫ টি:

ক্র.নং	প্রামাণ্যচিত্র	প্রযোজক
০১	দোহাজারী থেকে রামু-কক্সবাজার রেল সড়ক নির্মাণ	মো. সাইপ উদ্দিন
০২	রূপপুর পারমাণবিক কেন্দ্র	মো. মনিরুল ইসলাম
০৩	কর্ণফুলী টানেল	মো. সাইপ উদ্দিন
০৪	মানুষ গড়ার কারিগর: ঝিনাইদহ সদর উপজেলার প্রচারবিমুখ শিক্ষক মুরারি মোহনের জীবন কাহিনী নিয়ে “মুরারি মোহন”	মোহাম্মদ আবু তাহের
০৫	বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর	মো. মনিরুল ইসলাম
০৬	বীরশ্রেষ্ঠ ফ্লাইট লে. মতিউর রহমান	মো. শাহ আলম
০৭	বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান	মো. শাহ আলম
০৮	বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ	মো. দেলওয়ার হোসেন
০৯	বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ	মো. শাহ আলম
১০	বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল	মো. মনিরুল ইসলাম
১১	বীরশ্রেষ্ঠ ইঞ্জিনরুম আর্টিফিশিয়াল বুদ্ধ অমীন	মো. সাইপ উদ্দিন
১২	এগিয়ে চলো বাংলাদেশ	মো. সাইপ উদ্দিন
১৩	বঙ্গবন্ধু	মোহাম্মদ আবু তাহের
১৪	ক্র্যাক ডাউন গ্লাটুন	মো. দেলওয়ার হোসেন
১৫	একাত্তরের গণহত্যা: ডেমরা হত্যাকাণ্ড, পাবনা	মো. মনিরুল ইসলাম

খ) ডকুডামা-০৫ টি:

ক্র.নং	ডকুডামা	প্রযোজক
০১	পরিকল্পিত পরিবার (পরিবার পরিকল্পনা)	মো. শাহ আলম
০২	বেকারত্ব দূরীকরণে তথ্যপ্রযুক্তির ব্যবহারের গুরুত্ব	মো. সাইপ উদ্দিন
০৩	অগ্নিযুগের বাঘা যতীন	মোহাম্মদ আবু তাহের
০৪	সামাজিক মূল্যবোধ ও সামাজিক শিষ্টাচার	খোরশেদ আলম চৌধুরী
০৫	সম্প্রীতির বাংলাদেশ	মো. মনিরুল ইসলাম

গ) টিভি ফিলার- ০৯ টি:

ক্র.নং	টিভি ফিলার	প্রযোজক
০১	নো মাস্ক নো সার্ভিস	মো. মনিরুল ইসলাম
০২	প্রাকৃতিক দুর্যোগ বজ্রপাত	মো. মনিরুল ইসলাম
০৩	পরিবেশ সুরক্ষায় বাংলাদেশ	মো. মনিরুল ইসলাম
০৪	আশ্রয়ণ	মো. মনিরুল ইসলাম
০৫	সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও দারিদ্র্য বিমোচন	মো. মনিরুল ইসলাম
০৬	শিশুর বিকাশে সুস্বাদু ও পুষ্টিকর খাবার	মো. সাইপ উদ্দিন
০৭	প্রাথমিক শিক্ষা	মো. সাইপ উদ্দিন
০৮	করোনায় মোকাবেলায় আমরা টিভি ফিলার	মো. দেলওয়ার হোসেন
০৯	পর্যটন আকর্ষণ: কক্সবাজার মেরিন ড্রাইভ	মো. সাইপ উদ্দিন

ঘ) সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র:

ক্র.নং	সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র	প্রযোজক
০১	২৪ টি সংবাদচিত্র	মো. মনিরুল ইসলাম
০২	১০ টি বিশেষ সংবাদচিত্র	মো. মনিরুল ইসলাম

পত্রিকা পরিদর্শন ও নিরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন:

জুলাই ২০২০ থেকে জুন ২০২১ মাসে সম্পাদিত পত্রিকা পরিদর্শন ও নিরীক্ষা সংক্রান্ত কাজের তথ্যাবলী:

ক্র: নং	বিবরণ	সংখ্যা											মোট	
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল	মে		জুন
১।	নিরীক্ষায় হাজিরের জন্য নোটিশ/তাগিদপত্র প্রদান	২৭	৩৪	১০৪	১১০	১৬৭	৭৩	৪২	২৫	২৩	--	০৫	৪২	৬৫২
	(ক) ঢাকা	১৮	২৩	৫০	৫৫	৯৫	৩২	২৩	১৭	১৫	--	০৫	২৮	৩৬১
	(খ) মফস্বল	০৯	১১	৬৪	৫৫	৭২	৪১	১৯	০৮	০৮	--	০০	১৪	৩০১
২।	নিরীক্ষায় হাজির হয়েছে-	২৪	৩০	৪৯	৮৬	৮৩	৫৫	৪২	২৫	২০	--	০৫	২৮	৪৪৭
৩।	নিরীক্ষায় হাজির হয়নি-	০৩	৩৪	৫৫	২৪	৮৪	১৮	০০	০০	০৩	--	০০	১৪	২৩৫
৪।	(ক) মিডিয়া পুনঃবহাল করা হয়েছে-	০০	০০	০০	০০	০১	০০	০০	০০	০২	--	০০	০০	০৩
	(খ) নতুন মিডিয়া তালিকাভুক্ত করা হয়েছে-	০১	০১	০১	০০	০১	০৭	০২	০১	০১	--	০০	০০	১৫
৫।	মিডিয়া তালিকাভুক্তি বাতিল করা হয়েছে-	০১	০০	০০	০২	০০	০০	০৩	০২	০১	--	০২	০১	১২
৬।	নিরীক্ষার প্রত্যয়ন পত্র জারি করা হয়েছে-	৫১	৭৮	৭৭	৭৫	৬৯	৯৭	৬৯	২১	৪৫	--	০২	৩৬	৬২০
৭।	বিজ্ঞাপন হার নির্ধারণ/পুনঃনির্ধারণ মোট পত্রিকা	০৭	১৩	০১	০০	০৩	১০	০৩	০১	০৩	--	০০	০০	৫১
৮।	৯ম ওয়েজ বোর্ড মনিটরিং কমিটি কর্তৃক অনুমোদিত বর্ধিত বিজ্ঞাপন হার প্রদানকৃত পত্রিকার সংখ্যা-	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	--	০০	০০	০০
৯।	৮ম ওয়েজ বোর্ড বাসআবায়ন করায় নিউজপ্ৰিন্ট প্রাপ্যতার প্রত্যয়নপত্র জারি	২০	২৫	৩০	২৭	২৬	২৮	২৪	১৩	২০	--	০২	১৯	২৩৪
১০।	৯ম ওয়েজ বোর্ড মনিটরিং টিমের সভার সংখ্যা-	০০	০০	০০	০০	০০	০১	০১	০০	০১	--	০০	০০	০৩
১১।	৯ম ওয়েজ বোর্ড মনিটরিং টিম কর্তৃক পত্রিকার অফিস পরিদর্শন সংখ্যা	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	--	০০	০০	০০
১২।	এবিসি শাখা কর্তৃক সরেজমিন পরিদর্শনকৃত পত্রিকার সংখ্যা	৭০	২৬	১০১	৪৭	০১	২০	০৯	৬১	২২	--	০০	০০	৩৫৭
১৩।	সর্বমোট পত্রিকার অফিস পরিদর্শন	৭০	২৬	১০১	৪৭	০১	২০	০৯	৬১	২২	--	০০	০০	৩৫৭

ক্রোড়পত্র বিতরণ:

সরকার ঘোষিত বিভিন্ন গুরুত্বপূর্ণ ও জাতীয় দিবসে ক্রোড়পত্র প্রকাশের দায়িত্ব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের। প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ও তথ্য অধিদপ্তরের সহযোগিতায় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর এসব ক্রোড়পত্রের অঙ্কসজ্জা ও বিতরণের দায়িত্ব পালন করে থাকে। ২০২০-২০২১ অর্থবছরে সরকার ঘোষিত ০৭টি জাতীয় দিবসে প্রকাশিত ক্রোড়পত্রের অঙ্কসজ্জা ও ২২৬৯ টি ক্রোড়পত্র বিতরণের দায়িত্ব পালন করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

২০২০-২০২১ অর্থবছরে ক্রোড়পত্র বিতরণের হিসাব

ক্রমিক	তারিখ	দিবসের নাম	ক্রোড়পত্রের সংখ্যা
১।	১৫ই আগস্ট, ২০২০	জাতীয় শোক দিবস	২৫৪টি
২।	১৬ই ডিসেম্বর, ২০২০	মহান বিজয় দিবস	৩২৭টি
৩।	৭ই জানুয়ারি, ২০২১	সরকারের বর্ষপূর্তি	২২২টি
৪।	১০ই জানুয়ারি, ২০২১	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাভর্তন দিবস	৩১৪টি
৫।	২১শে ফেব্রুয়ারি, ২০২১	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২৮৯টি
৬।	১৭ই মার্চ, ২০২১	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস	৪১০টি
৭।	২৬শে মার্চ, ২০২১	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস	৪৫৩টি
		সর্বমোট	২২৬৯টি

এছাড়াও বর্তমান বিজ্ঞাপন নীতিমালা অনুযায়ী যে কোন মন্ত্রণালয়/ বিভাগ বা অধীনস্থ দপ্তর সংস্থার আওতায় উদযাপনকৃত বিভিন্ন দিবস উদযাপন উপলক্ষে প্রকাশিত ক্রোড়পত্র বিতরণের দায়িত্ব পালন করে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর।

নিবন্ধন সংক্রান্ত প্রতিবেদন:

২০২০-২০২১ অর্থবছরে পত্রিকার নামের ছাড়পত্র ও প্রত্যয়ন পত্রের হিসাব:

ক্রমিক নং	মাস	ছাড়পত্র	প্রত্যয়নপত্র
০১	জুলাই/২০২০	০১	০৪
০২	আগস্ট/২০২০	০৩	০১
০৩	সেপ্টেম্বর/২০২০	০৬	০৩
০৪	অক্টোবর/২০২০	০৩	০২
০৫	নভেম্বর/২০২০	০৫	০২
০৬	ডিসেম্বর/২০২০	০৪	০৬
০৭	জানুয়ারি/২০২১	০৬	০১
০৮	ফেব্রুয়ারি/২০২১	০৩	০৪
০৯	মার্চ/২০২১	০৫	১০
১০	এপ্রিল/২০২১	০৪	০৫
১১	মে/২০২১	--	--
১২	জুন/২০২১	০৯	০৯
	সর্বমোট	৪৯টি	৪৭টি

মুজিববর্ষের বিশেষ কার্যাবলী:



২০২০-২০২১ অর্থবছরে মুজিববর্ষ উপলক্ষ্যে মন্ত্রণালয় ও এ অধিদপ্তরের নিজস্ব কর্মসূচি বাস্তবায়নসহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করেছে। এর আওতায় বাস্তবায়িত উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

১. পত্রিকায় প্রকাশিতব্য জাতীয় উদযাপন কমিটির সকল বিজ্ঞাপনের নকশা প্রণয়ন ও পত্রিকায় প্রেরণ করা হয়। বিশেষত মুজিববর্ষের লোগো নির্বাচনের জন্য প্রস্তাব আহ্বান করে বিজ্ঞাপন, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্য চলচ্চিত্র, ওয়েবসিরিজ, পোস্টার, 'মুজিব চিরন্তন' শীর্ষক অনুষ্ঠানমালাসহ বিবিধ বিষয়ে বিজ্ঞাপনের নকশা প্রণয়ন ও পত্রিকায় প্রেরণ করা হয়।
২. পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের ভিত্তিতে মুজিববর্ষের লোগো, পোস্টার, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্য চলচ্চিত্র এবং ওয়েবসিরিজের প্রস্তাবসমূহ গ্রহণ করা হয়।
৩. মুজিববর্ষ উপলক্ষ্যে অধিদপ্তরের নিয়মিত প্রকাশনা সচিত্র বাংলাদেশ ও কিশোর ম্যাগাজিন মাসিক নবাবুণ পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশ করা হয়।
৪. বিশেষ প্রকাশনা হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ সম্বলিত 'বজ্রকণ্ঠ' পুস্তিকা পুনর্মুদ্রণ করা হয়। জাতির পিতা দেশের প্রধানমন্ত্রী হিসেবে দেশ পরিচালনা করাকালীন ১৯৭২ সালে এটি প্রথম প্রকাশিত হয়।
৫. বিশেষ প্রকাশনা হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ সম্বলিত 'বঙ্গবন্ধুর ভাষণ' পুস্তকটি পুনর্মুদ্রণ করা হয়। এ পুস্তকে জাতির পিতার ঐতিহাসিক ৭ই মার্চ ১৯৭১ থেকে ১৯ জুন ১৯৭৫ পর্যন্ত মোট ৪৪টি ভাষণ স্থান পেয়েছে।
৬. বিশেষ প্রকাশনার আওতায় 'সংবাদ শিরোনামে বঙ্গবন্ধু' পুস্তক প্রকাশ করা হয়। এ পুস্তকে প্রায় ৫০০ সংবাদের স্ক্যান কপি ও সংবাদের শিরোনাম স্থান পেয়েছে।
৭. বিশেষ প্রকাশনার আওতায় 'বঙ্গবন্ধুর বাণী' শিরোনামে পকেট পুস্তিকা প্রকাশ করা হয়। এ পুস্তিকায় ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ বিভিন্ন সময়ে জাতির পিতা প্রদত্ত ভাষণ থেকে বাছাই করে ১৮৭টি বাণী স্থান দেওয়া হয়েছে।
৮. জাতির পিতার রাজনৈতিক ও কর্মময় জীবনের ওপর বাছাই করা আলোকচিত্রের সমন্বয়ে 'সচিত্র বঙ্গবন্ধু' শিরোনামে একটি অ্যালবাম প্রকাশ করা হয়। এ অ্যালবামে বেশকিছু বিরল ছবিসহ প্রায় ২৫০টি ছবি স্থান পেয়েছে।



তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রকাশিত 'সচিত্র বঙ্গবন্ধু' অ্যালবামের মোড়ক উন্মোচন করেন। তথ্য প্রতিমন্ত্রী ডাঃ মোঃ মুরাদ হাসান এসময় উপস্থিত ছিলেন (বুধবার, ৬ জানুয়ারি ২০২১)।-পিআইডি

৯. অধিদপ্তরের চলচ্চিত্র শাখার মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১. কৃষি উন্নয়নে বঙ্গবন্ধু, ২. মানবিক বঙ্গবন্ধু, ৩. দেশ পুনর্গঠনে বঙ্গবন্ধু, ৪. যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বঙ্গবন্ধু, ৫. বঙ্গবন্ধু থেকে বিশ্ববন্ধু এবং ৬. মুজিববর্ষ শীর্ষক বিশেষ প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণ করে দেশের তৃণমূল পর্যায়ে প্রদর্শনের জন্য গণযোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করা হয়।
১০. ইলেক্ট্রনিক গণমাধ্যমে প্রচার করার জন্য বঙ্গবন্ধুর কর্মময় জীবনভিত্তিক ১৭টি টিভিসি/ টিভি ফিলার নির্মাণ করা হয়। টিভিসিগুলো হলো- ১. বঙ্গবন্ধু অমর বাণী/ ভাষণ- ০৮ টি, ২. উন্নয়ন কর্মকাণ্ডে বঙ্গবন্ধু, ৩. শিশুদের বঙ্গবন্ধু, ৪. কৃষি উন্নয়নে বঙ্গবন্ধু, ৫. পুলিশ বাহিনীর উদ্দেশ্যে বঙ্গবন্ধু, ৬. প্রতিরক্ষা বাহিনীর উদ্দেশ্যে বঙ্গবন্ধু, ৭. সরকারি কর্মচারীদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু, ৮. সাংবাদিকদের সাথে বঙ্গবন্ধু, ৯. যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে বঙ্গবন্ধু এবং ১০. ধর্মীয় সম্প্রীতি ও বঙ্গবন্ধু।
১১. জন্মশতবার্ষিকী উপলক্ষে ক্ষণগণনা বিষয়ক একটি বিশেষ প্রামাণ্যচিত্র নির্মাণ করা হয়।
১২. অধিদপ্তরের বাহিরের প্রবেশপথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ক্ষণগণনা ঘড়ি স্থাপন এবং এ অধিদপ্তর নির্মিত চলচ্চিত্র প্রদর্শনের জন্য ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন করা হয়।
১৩. তথ্য ভবনের ভেতরের উন্মুক্ত স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপন করা হয়। এ ডিসপ্লে বোর্ডে ক্ষণগণনা ঘড়ি স্থাপন এবং এ অধিদপ্তর নির্মিত চলচ্চিত্র নিয়মিতভাবে প্রদর্শন করা হয়।
১৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে অধিদপ্তরের প্রকাশনা ও প্রচারসামগ্রী বিতরণের জন্য মুজিববর্ষের লোগো সম্বলিত ব্যাগ মুদ্রণ করা হয়।
১৫. জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রদর্শনের জন্য বৃহৎ আকারের ড্রপ ব্যানার ও ২২টি ফেস্টুন তৈরি ও স্থাপন করা হয়।
১৬. ১৫ই আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস উপলক্ষে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের উদ্যোগে স্মরণসভা অনুষ্ঠিত হয়। সভায় তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি প্রধান অতিথি এবং মাননীয় প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান ও সম্মানিত সচিব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
১৭. ১৫ই আগস্ট, ২০২০ জাতীয় শোক দিবস উপলক্ষে তথ্য ভবন প্রাঙ্গণে জাতির পিতার রাজনৈতিক ও কর্মময় জীবনের ওপর আলোকচিত্র এবং পত্রিকায় প্রকাশিত ক্রোড়পত্রের প্রদর্শনী অনুষ্ঠিত হয়।



মুজিববর্ষ উপলক্ষে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রকাশিত বিশেষ প্রকাশনা 'বঙ্গবন্ধু' ও 'সচিত্র বঙ্গবন্ধু'

অন্যান্য কার্যক্রম:

আলোকচিত্র ও ক্রোড়পত্র প্রদর্শনী

১। মহান বিজয় দিবস- ২০২০ উপলক্ষে ১৭.১২.২০২০ খ্রি. তারিখে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের তথ্য ভবন প্রাঙ্গণে মহান মুক্তিযুদ্ধের বিভিন্ন আলোকচিত্র এবং পত্রিকায় প্রকাশিত ক্রোড়পত্রের প্রদর্শনী অনুষ্ঠিত হয়। তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি প্রধান অতিথি এবং মাননীয় প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে তথ্য ভবন প্রাঙ্গণে আলোকচিত্র ও ক্রোড়পত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। আলোকচিত্র পরিদর্শন করছেন তথ্য মন্ত্রী, প্রতি মন্ত্রী ও মন্ত্রণালয় ও দপ্তরের উর্দ্ধতন কর্মকর্তা বৃন্দ।

২। ২৫ মার্চ, ১৯৭১ পাক হানাদার বাহিনী বাংলাদেশের নিরস্ত্র জনগণের ওপর যে হত্যাজ্ঞা চালায় তার ৫০ বছর পূর্তি হয়েছে ২০২১ সালে। ২৫ মার্চের কাল রাতের ৫০ বছর পূর্তি ও গণহত্যা দিবস উপলক্ষ্যে ২৫ মার্চ ২০২১ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের উদ্যোগে বিশেষ স্মরণসভা অনুষ্ঠিত হয়। এছাড়া অফিস প্রাঙ্গণে গণহত্যা সম্পর্কিত আলোকচিত্র এবং এ দিবসে সংবাদপত্রে প্রকাশিত সকল ক্রোড়পত্রের প্রদর্শনীর আয়োজন করা হয়।

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার রজতজয়ন্তী উপলক্ষ্যে ১৭ ই মার্চ থেকে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত (২৫ মার্চের কাল রাত ব্যতীত) ১০দিন ব্যাপী আলোকসজ্জার আয়োজন করা হয়।

‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অর্জন: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশে উত্তরণ’ শীর্ষক পোস্টার মুদ্রণ:

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণ ঘটেছে। জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন নীতি সংক্রান্ত কমিটি (সিডিপি) ১৫ মার্চ ২০২০ তারিখে স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তরণের যোগ্যতা অর্জনের আনুষ্ঠানিক ঘোষণা প্রদান করে। এ উপলক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের নকশায় ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অর্জন: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশে উত্তরণ’ শীর্ষক চার ক্যাটগরির ৯ লক্ষ ৩০ হাজার পোস্টার মুদ্রণ করে সারাদেশে বিতরণ করা হয়।

ডিএফপি জাদুঘর:

৭ ই মার্চ, ১৯৭১। বাঙালির জাতীয় জীবনের এক গুরুত্বপূর্ণ দিন। এদিন লাখো মানুষের সামনে দাঁড়িয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শুনিয়েছিলেন সেই অমর কাব্য, 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের অডিও-ভিডিও চিত্রধারণের গর্বিত অংশীদার চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)। ঐতিহাসিক এই ভাষণ ও ভাষণ ধারণের সংশ্লিষ্ট যন্ত্রসমূহ যন্ত্রের সাথে সংরক্ষিত হচ্ছে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের জাদুঘরে। গত ১৬ আগস্ট, ২০২০ তারিখে তথ্য মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি রাজধানীর তথ্য ভবনের ১৩ তলায় এ জাদুঘর উদ্বোধন করেন।



চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে জাদুঘর উদ্বোধন করে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ ধারণ যন্ত্র দেখেছেন মাননীয় তথ্য মন্ত্রী ড. হাছান মাহমুদ এমপি

ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি নিরাপদে রাখতে ডিএফপি'র নিবেদিতপ্রাণ কর্মীরা বিভিন্ন সময়ে জীবনের ঝুঁকি নিয়েছেন। ১৯৭১ সালে ২৫ মার্চের কাল রাতের পর চলচ্চিত্র বিভাগের তৎকালীন পরিচালক/কম্পট্রোলার জনাব মুহিবুল্লুর রহমান খায়ের এই ভাষণ সংরক্ষণ ও নিরাপত্তা নিয়ে চিন্তিত হয়ে পরেন। তারই উদ্যোগে ১৯৭১ সালের ৯ই এপ্রিল ভাষণের অডিও ভিডিও ফুটেজসহ একটি ট্রাঙ্ক সহকারী চিত্রগ্রাহক জনাব আমজাদ আলী খন্দকার পাক হানাদার বাহিনীর টহল এড়িয়ে নদীপথে মুস্পিগঞ্জে নিয়ে যান। এ সময়ে জনাব মুহিবুল্লুর রহমান খায়েরও সেখানে উপস্থিত হন। মুক্তিযুদ্ধ চলাকালে অত্যন্ত গোপনে ভাষণের রিল ও অন্যান্য ডকুমেন্ট ভর্তি ট্রাঙ্কটি সেখানে লুকিয়ে রাখা হয়। দেশ স্বাধীন হবার পর সেখান থেকে ট্রাঙ্কটি পুনরায় অফিসের স্টোরে সংরক্ষণ করা হয়।

১৯৭৫ সালের ১৫ই আগস্ট জাতির পিতার নির্মম হত্যাকাণ্ডের পর এই ভাষণটি রক্ষা করার জন্য চলচ্চিত্র শাখার নিবেদিতপ্রাণ কর্মীরা আবারও সচেষ্ট হন। তারা ভাষণের মূল পিকচার নেগেটিভ ও সাউন্ড নেগেটিভসহ অন্যান্য ফুটেজ ভিন্ন একটি ফিল্মের ক্যানে ঢুকিয়ে ফিল্ম লাইব্রেরিতে লুকিয়ে রাখেন। দীর্ঘ প্রায় দুই দশক গুপ্ত অবস্থাতেই তা ডিএফপিতে সংরক্ষণ করা হয়।

এই ক্যামেরায় ধারণ করা ভাষণের কপিই পরবর্তীকালে ইউনেসকো-তে প্রেরণ করা হয়, যা বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি পেয়েছে। এ ক্যামেরায় ধারণ করা ভাষণের কপি ও অন্যান্য ফুটেজ বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণ করা আছে।

এই ভাষণ ধারণের জন্য ব্যবহৃত জার্মানিতে তৈরি ৩৫ মি.মি. (ARRI) ক্যামেরা, কাঠের ট্রাইপড, সাউন্ডপুফ কভারবক্স এবং নাগরা (NAGRA) শব্দধারণ যন্ত্র ডিএফপি'র জাদুঘরে সংরক্ষিত আছে। এ ছাড়াও এই ভাষণ সংরক্ষণের স্বীকৃতিস্বরূপ ইউনেসকো প্রদত্ত সনদও এখানে সংরক্ষিত আছে।

শুধু ৭ ই মার্চের ভাষণ নয়। ডিএফপি'র এ জাদুঘরে চলচ্চিত্র শিল্পে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতি সম্পর্কেও একটি ধারণা পাওয়া যাবে। কালের বিবর্তনে হারিয়ে যাওয়া ১৬ মিলিমিটার ও ৩৫ মিলিমিটার ক্যামেরা ও আনুসঙ্গিক যন্ত্রপাতিও এখানে সংরক্ষিত আছে যা চলচ্চিত্র শিল্পের প্রতি আগ্রহী নতুন প্রজন্মকে জানতে সাহায্য করবে, প্রেরণা জোগাবে।

প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র:

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর নির্মিত প্রকাশনা ও চলচ্চিত্রসমূহের ব্যাপক চাহিদা রয়েছে। বিভিন্ন বইমেলায় অংশগ্রহণ করে দেখা গেছে এ অধিদপ্তরের প্রকাশনার বিষয়ে মানুষের আগ্রহ রয়েছে। সরকারি অফিস ও স্কুল কলেজেও নিয়মিত ও বিশেষ প্রকাশনাসমূহের চাহিদা রয়েছে। তাছাড়া বিভিন্ন দিবস উপলক্ষে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর নির্মিত প্রামাণ্য চলচ্চিত্র বা ডকুডামার চাহিদাও বেড়ে যায়। এই চাহিদার পরিপ্রেক্ষিতে তথ্য ভবনের নীচ তলায় একটি সুসজ্জিত প্রদর্শনী ও বিক্রয়কেন্দ্র স্থাপন করা হয়েছে। মাননীয় তথ্য মন্ত্রী প. হাছান মাহমুদ এম.পি ১৬ আগস্ট, ২০২০ তারিখে এই প্রদর্শনী ও বিক্রয়কেন্দ্র উদ্বোধন করেন।

শিশু পরিচর্যা কেন্দ্র:

তথ্য ভবনে বর্তমানে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ছাড়াও তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন গণযোগাযোগ অধিদপ্তর ও বাংলাদেশ চলচ্চিত্র সেম্পর বোর্ডের কার্যক্রম চলমান রয়েছে। এই তিনটি দপ্তরে কর্মজীবী নারীদের সংখ্যা অনেক। কর্মজীবী মায়েরা যেন তাদের সন্তানদেরকে নিরাপদ জায়গায় রেখে নিশ্চিন্তভাবে দাপ্তরিক কাজ সম্পাদন করতে পারেন সে উদ্দেশ্যকে সামনে রেখে তথ্য ভবনে একটি শিশু পরিচর্যা কেন্দ্র স্থাপন করা হয়েছে। তথ্য মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব কামরুন নাহার ০৯.০৯.২০২০ খ্রি. তারিখে তথ্য ভবনের ৬ষ্ঠ তলায় এ শিশু পরিচর্যা কেন্দ্রের উদ্বোধন করেন। প্রাথমিকভাবে তথ্য ভবনে কর্মরত তিনটি দপ্তরে কর্মজীবী মায়েরা তাদের ১ থেকে ৬ বছর বয়সী শিশু সন্তানদের এই পরিচর্যা কেন্দ্রে রাখার সুযোগ পাচ্ছেন।



তথ্য ভবনে শিশু পরিচর্যা কেন্দ্র উদ্বোধনের পর একটি শিশুকে আদর করছেন তথ্য মন্ত্রণালয়ের সচিব জনাব কামরুন নাহার

উদ্ভাবনী সেবা:

শিশু পরিচর্যা কেন্দ্রে রাখা শিশুদের প্রতি মায়েরা যেন সার্বক্ষণিক নজর নাখতে পারেন সে লক্ষ্যে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় তথ্য ভবনের শিশু পরিচর্যা কেন্দ্রটি সিসিটিভি ক্যামেরার আতায় এনে একটি অ্যাপস উদ্ভোধন করা হয়েছে যার মাধ্যমে কর্মজীবী মায়েরা তাদের কর্মস্থলে বসেই শিশুর কার্যক্রমের ওপর নজর রাখতে পারেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং অতিরিক্ত সচিব জনাব মো. মিজান উল আলম ২২.০৬.২০২১ খ্রি. তারিখে এ মোবাইল অ্যাপসের উদ্ভোধন করেন। শিশু পরিচর্যা কেন্দ্রের এ মোবাইল অ্যাপসটি মন্ত্রণালয় ও এর আওতাধীন অন্যান্য দপ্তরে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে।



বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় উদ্ভাবনী সেবা সিসি ক্যামেরা ও মোবাইল এ্যাপস এর উদ্ভোধন করছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, জনাব মো. মিজান উল আলম ।

অগ্নি নির্বাপন মহড়া:

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কেপিআইভুক্ত একটি প্রতিষ্ঠান। প্রচলিত বিধিবিধান অনুযায়ী সরকারি সম্পত্তি ও কর্মকর্তা কর্মচারীদের নিরাপত্তার লক্ষ্যে এখানে নির্ধারিত নিরাপত্তা মান বজায় রাখতে হয়। এর অংশ হিসেবে তথ্য ভবনের প্রবেশমুখে নিরাপত্তা স্ক্যানার মেশিন বসানো হয়েছে। তথ্য ভবনে কর্মরত কর্মকর্তা কর্মচারি ছাড়াও আগত প্রতিটি দর্শনার্থীকে এই নিরাপত্তা স্ক্যানার পার হয়ে প্রবেশ করতে হয়। ল্যাব ভবন ও তথ্য ভবনের প্রতিটি ফ্লোরে প্রয়োজনীয় সংখ্যক অগ্নিনির্বাপন যন্ত্র স্থাপন করা হয়েছে। এছাড়াও নির্ধারিত নিরাপত্তা মান বজায় রাখার লক্ষ্যে ১৭ই জুন ২০২১ তারিখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বাহিনীর তত্ত্বাবধানে তথ্য ভবনে অবস্থিত ৩টি দপ্তরের কর্মচারীদের সমন্বয়ে একটি অগ্নিনির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়।



ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বাহিনীর তত্ত্বাবধানে অগ্নিনির্বাপন মহড়ার একটি দৃশ্য